

স্মারক নং- পাউবো(সচি)/প্রশাসন-২/১ম-১৮/৮২(৬ষ্ঠ খন্ড)/৩৫৭


তারিখ: ২২ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
০৭ নভেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

“দপ্তরাদেশ”

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, ঢাকা কর্তৃক ঘূর্ণিঝড় ‘বুলবুল’ সম্পর্কিত বিশেষ প্রতিবেদন অনুযায়ী পূর্ব-মধ্য বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন এলাকায় সৃষ্ট এবং বর্তমানে পূর্ব-মধ্য বঙ্গোপসাগরে অবস্থানরত ঘূর্ণিঝড় ‘বুলবুল’ উত্তর-উত্তরপশ্চিম বরাবর অগ্রসর হয়ে ১০ নভেম্বর, ২০১৯ বাংলাদেশ এবং পশ্চিমবঙ্গ উপকূল সন্নিহিতে বঙ্গোপসাগরে অবস্থান করতে পারে। যা পরবর্তীতে বঙ্গোপসাগরের উত্তর দিয়ে পূর্ব-উত্তরপূর্ব দিকে অগ্রসর হতে পারে। এ সময় ঘূর্ণিঝড় কেন্দ্রের নিকট বায়ুবেগের মান ১১০-১২০ কি:মি:/ঘন্টা থাকতে পারে যা ঝড়ো হাওয়ার বেগে ১৩৫ কি:মি:/ঘন্টায় উন্নীত হতে পারে। ঘূর্ণিঝড় ‘বুলবুল’ এর প্রভাবে ১০-১১ নভেম্বর/২০১৯ খ্রি: বাংলাদেশ উপকূলবর্তী সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, বরগুনা, পটুয়াখালী, ভোলা, পিরোজপুর, ঝালকাঠি, বরিশাল, যশোর, নড়াইল, ঝিনাইদহ, মাগুরা, গোপালগঞ্জ এবং ফরিদপুর জেলাসমূহের কতিপয় স্থানে ভারী হতে অতি ভারী বৃষ্টিপাত হতে পারে।

২। এক্ষণে, ঘূর্ণিঝড় ‘বুলবুল’ এর সম্ভাব্য ক্ষয়-ক্ষতি মোকাবেলায় তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় জরুরী ব্যবস্থা গ্রহণের স্বার্থে আগামী ০৮-১৬ নভেম্বর/২০১৯ খ্রি: পর্যন্ত বোর্ডের বর্ণিত জেলাসমূহসহ উপকূলবর্তী সকল জেলার মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে স্ব-স্ব কর্মস্থলে বাধ্যতামূলকভাবে অবস্থান করার জন্য আদিষ্টমতে নির্দেশ প্রদান করা হলো।

৩। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



(শেখ মাসুদুল হক) ০৭/১১/২০১৯
উপ-সচিব (প্রশাসন) (অ:দা:)
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- পাউবো(সচি)/প্রশাসন-২/১ম-১৮/৮২(৬ষ্ঠ খন্ড)/৩৫৭(০৩)

তারিখ: ২২ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
০৭ নভেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি জন্য :

- মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



(শেখ মাসুদুল হক) ০৭/১১/২০১৯
উপ-সচিব (প্রশাসন) (অ:দা:)
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- পাউবো(সচি)/প্রশাসন-২/১ম-১৮/৮২(৬ষ্ঠ খন্ড)/৩৫৭(১০০)

তারিখ: ২২ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
০৭ নভেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- প্রধান প্রকৌশলী/প্রধান অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান/নিয়ন্ত্রক (অহিনি)
- পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক
- পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। প্রেস রিলিজের ব্যবস্থা গ্রহণসহ সকল প্রিন্ট মিডিয়া/ইলেকট্রনিক মিডিয়ার ক্ষেত্রে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- নির্বাহী প্রকৌশলী,
- উপ-পরিচালক/হিসাব রক্ষণ অফিসার,
- সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে (WWW.bwdb.gov.bd) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ব্যক্তিগত সহকারী টু অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/বোর্ড)/সচিব, বাপাউবো, ঢাকা।


(মো: আবদুল হালিম)
সহকারী পরিচালক (প্রশাসন-২) (অ:দা:)
পরিচিতি নম্বর:৬৭০৭১০০০২